

রাশিয়ায় ডায়মণ্ড কাপ কিক বক্সিং

# রাজ্যের মুক্তার তিনটি পদক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর : দশম বাকু ডায়মণ্ড কাপ কিক বক্সিং চ্যাম্পিয়নশিপে দারুণ সাফল্য অর্জন করলেন রাজ্যের মেয়ে মুক্তা দেবনাথ। প্রতিযোগিতায় জুনিয়র বিভাগে একটি সোনা সহ মোট তিনটি পদক জিতেছেন মুক্তা। ষাট কেজি লাইট কন্টাক্টে স্বর্ণ পদক জেতার পাশাপাশি কিক লাইট মিউজিক্যাল ইভেন্টে রৌপ্য পদক এবং কিক লাইট ষাট কেজিতে ব্রোঞ্জ পদক পেয়েছে রাজ্যের এই খেলোয়াড়। গত ২৪-২৯ সেপ্টেম্বর রাশিয়ার আনাপাতে হয়েছে এই আসরটি। ভারতের কুড়িজন খেলোয়াড় অংশ নিয়েছিল এতে। আর প্রতিযোগিতায় মোট সতেরোটি মেডেল পেয়েছে ভারত। ত্রিপুরা থেকে একমাত্র খেলোয়াড় হিসাবে মুক্তা দেবনাথ এতে অংশ নিয়েছে। আজারবাইজান, তুর্কমেনিস্তান, ইরাক, কাজাকিস্তান, উজবেকিস্তান, ভারত ও স্বাগতি রাশিয়া সহ মোট তেইশটি দেশ এতে অংশ নিয়েছে। মোট ১২৮৭ জন অ্যাথলিট এতে অংশ নিয়েছিল। আগামী ১লা অক্টোবর ভারতীয় দল দিল্লী আসছে। ২রা অক্টোবর মুক্তা দেবনাথ রাজ্যে ফিরছেন। কিক বক্সিং কোচ পিনাকী চক্রবর্তী আজ এ খবর জানান। প্রসঙ্গত, মুক্তা দেবনাথ আগরতলা রামঠাকুর কলেজের ছাত্রী।



রাশিয়ায় অনুষ্ঠিত বাকু ডায়মণ্ড কাপ কিক বক্সিং চ্যাম্পিয়নশিপে ভারতের হয়ে তিনটি পদক জয়ী রাজ্যের মুক্তা দেবনাথ। — ছবি নিজস্ব।